সমকাল

তারিখ: 10 JUL 2017
পৃষ্ঠা ৪

### শিক্ষক-কর্মচারী ঐক্যজোট

# অবসর-কল্যাণের বর্ধিত চাঁদা প্রত্যাহারে আলটিমেটাম

■ সমকাল প্রতিবেদক

এমপিওভুক্ত বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বেতন থেকে অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টের বর্ধিত চাঁদার গেজেট আগামী ২৩ জুলাইয়ের মধ্যে প্রত্যাহার না করা হলে কঠোর আন্দোলনের কর্মসূচি দেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। গতকাল সোমবার রাজধানীর নয়াপল্টনের ৫৪, ইনার সার্কুলার রোডে সংগঠনটি আয়োজিত এক সংবাদ সম্মেলন থেকে এ কথা জানানো হয়। সংগঠনের চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়া এতে লিখিত বক্তব্য পাঠ করেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নেতা মো. জাকির হোসেন, অধ্যাপক মো. আলমগীর হোসেন, অধ্যক্ষ মো. সেলিম মিয়া, অধ্যাপক আবদুল হাকিম, কাজী মাঈনুদ্দিন, গোলাম হোসেন সোহেল, অধ্যক্ষ জয় রহমান, সাহাদাৎ হোসেন, মোল্লা নজরুল ইসলাম, আমজাদ হোসেন মোর্শেদ, মালা বেগমসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ। অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়া বলেন, ২০০২ সালে তৎকালীন সরকারের প্রধানমন্ত্রীর আন্তরিকতায় বেসরকারি শিক্ষকদের অবসর ভাতা চালু করা হয়। সরকার তখন অবসর সুবিধা বোর্ডে ৮৯ কোটি টাকা প্রদান করে এই সুবিধা চালু করে। পরে শিক্ষক-কর্মচারীদের বেতন থেকে কল্যাণ ট্রাস্টের জন্য ২ শতাংশ এবং অবসর ভাতার জন্য ৪ শতাংশ ধরে মোট ৬ শতাংশ শিক্ষকদের বেতন থেকে প্রতি মাসে কর্তন করার গেজেট প্রকাশ করা হয়। আমরা এই টাকা কেটে নেওয়ার সিদ্ধান্ত অবিলম্বে বাতিলের দাবি জানাচ্ছি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর